# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

**প্রধান কার্যালয়**

ঢাকা

www.bb.org.bd

ভাদ্র ২০, ১৪২৩ বাং

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৭/২০১৬-২৩ তারিখ ঃ -----------------

সেপ্টেম্বর ০৪, ২০১৬ ইং

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।


প্রিয় মহোদয়গণ,

**লবন আমদানি নিষিদ্ধ সংক্রান্ত আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এর ২৬(৫৮) অনুচ্ছেদ স্থগিতপূর্বক লবন আমদানি উন্মুক্ত করার প্রেক্ষিতে গণবিজ্ঞপ্তি জারি প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের অবা-১ শাখার ২৪.০৮.২০১৬ তারিখের **পত্র নং-২৬.০০.০০০০.১১১.৫৫.০০১.১৬-৬২৬** এর মাধ্যমে জারিকৃত নির্দেশনা আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সংগে সংযোজন করা হলো ।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



**সংযুক্তিঃ বর্ণনানুযায়ী**

(মোঃ জাকির হোসেন চৌধুরী)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
অবা-১ শাখা
www.mincom.gov.bd

নং-২৬.০০.০০০০.১১১.৫৫.০০১.১৬-৬২৬ তারিখঃ ২৪-০৮-২০১৬ খ্রিঃ

বিষয় ঃ লবণ আমদানি নিষিদ্ধ সংক্রান্ত আমদানি নীতি আদেশ ২০১৫-২০১৮ এর ২৬(৫৮) অনুচ্ছেদ স্থগিতপূর্বক লবণ আমদানি উন্মুক্ত করার প্রেক্ষিতে গণবিজ্ঞপ্তি জারি প্রসঙ্গে।

সূত্রঃ শিল্প মন্ত্রণালয়ের স্মারক নং-৩৬.০০.০০০০.০৬৫.১৬.০০৬.১০(অংশ-২)-১৮০; তারিখঃ ২৭-০৬-২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, লবণ আমদানি নিষিদ্ধ সংক্রান্ত আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (৫৮) এস, আর, ও নং ২৬৩-আইন/২০১৬ জারির তারিখ হইতে দুই মাস পর্যন্ত স্থগিত করা হইয়াছে। উক্ত এস, আর, ও অনুযায়ী ভোজ্য লবণ উৎপাদনের জন্য ৭৫,০০০ (পঁচাত্তর হাজার) মেঃ টন ক্রুড/বোল্ডার লবণ (এইচ এস হেডিং নং-২৫.০১) এবং শিল্প লবণ হিসাবে ব্যবহৃত সাধারণ লবণ উৎপাদনের জন্য ৭৫,০০০ (পঁচাত্তর হাজার) মেঃ টন ক্রুড/বোল্ডার লবণ (এইচ এস হেডিং নং-২৫.০১) সর্বমোট ৭৫,০০০+৭৫,০০০= ১.৫ লক্ষ মেঃ টন ক্রুড/বোল্ডার লবণ (এইচ এস হেডিং নং-২৫.০১) নিম্নলিখিত শর্তে আমদানিযোগ্য করা হইলঃ

শর্তাবলীঃ

(১) ২০১৬ সালে শিল্পলবণ/ভোজ্য লবণ উৎপাদনের জন্য ক্রুড/বোল্ডার লবণ আমদানি করতে ইচ্ছুক লবণ মিল মালিকগণকে প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে গণবিজ্ঞপ্তি জারির দিন হইতে ৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনপত্র দাখিল করিতে হইবে।

(২) আবেদনপত্রের সহিত ২০১৬-২০১৭ অর্থ বৎসরের নবায়নকৃত আমদানি নিবন্ধন সনদপত্র (আইআরসি) ও প্রধান নিয়ন্ত্রকের বরাবরে ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত এবং ভোজ্য লবণ উৎপাদনের জন্য অপরিশোধিত লবণ উৎপাদনের ক্ষেত্রে বিগত বছরের আয়োডিন উত্তোলনের প্রমাণক দাখিল করিতে হইবে।

(৩) আবেদনকারী লবণ শিল্প মালিকগণের সচল নিজস্ব রিফাইনারীর ব্যবস্থা আছে, সেই বিষয়ে শিল্প মন্ত্রণালয়/বিসিক এর প্রমাণক দাখিল করিতে হইবে।

(৪) লবণ আমদানির বিষয়ে প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই করিয়া শিল্প লবণের ক্ষেত্রে একজন লবণ মিল মালিক সর্বোচ্চ কত মেট্রিক টন আমদানি করিতে পারিবে তাহা প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর এতদসংক্রান্ত গঠিত কমিটির মাধ্যমে নির্ধারণ করিবে।

(৫) ভোজ্য লবণ উৎপাদনের জন্য ক্রুড/বোল্ডার লবণ আমদানির ক্ষেত্রে যাচাই-বাছাইকৃত গ্রহণযোগ্য আবেদনসমূহের মধ্যে সমহারে লবণ আমদানির অনুমতি পত্র জারির ব্যবস্থা গৃহীত হইবে। এই ক্ষেত্রে গ্রহণযোগ্য/উপযুক্ত আবেদনকারীর সংখ্যা ২০০ (দুইশত) এর অধিক হইলে সেই ক্ষেত্রে এই বিষয়ে গঠিত কমিটি তাহাদের সিদ্ধান্ত মোতাবেক যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(৬) প্রধান নিয়ন্ত্রক কর্তৃক এলসি খুলিবার অনুমতি পত্র পাওয়ার পর ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আমদানিকারকগণ ঋণপত্র(এলসি) খুলিতে পারিবেন।

(৭) ঋণপত্র খুলিবার পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে আমদানিকারককে ঋণপত্রের কপিসহ প্রয়োজনীয় সকল তথ্য প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণ করিতে হইবে।

(৮) ঋণপত্র খুলিবার ৩০(ত্রিশ) দিনের মধ্যে কোন প্রকার ব্যত্যয় না ঘটাইয়া লবণ জাহাজীকরণ করিতে হইবে।

(৯) প্রতিদিনকার লবণ আমদানির ঋণপত্রের তথ্য বাংলাদেশ ব্যাংক সংগ্রহ করিয়া প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে জরুরী ভিত্তিতে প্রেরণ করিবে।

(১০) আমদানিকৃত ক্রুড/বোল্ডার লবণ নিজস্ব শিল্প কারখানায় কাঁচামাল হিসাবে ব্যবহার করিতে হইবে। কোন অবস্থাতেই অন্য কোনভাবে ব্যবহার বা বিক্রয় করা যাইবে না।

(১১) বিসিক এর সুপারিশের ভিত্তিতে লবণ প্রস্তুতকারী প্রতিষ্ঠান ক্রুড/ বোল্ডার লবণ আমদানি ও পরিশোধনের পর বাজারজাত সম্পন্ন করিবার প্রমাণ দাখিলের পর দাখিলকৃত জামানত অবমুক্ত করা হইবে।

২। এই বিষয়ে গণবিজ্ঞপ্তি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হইল।

৩। উল্লেখ্য, গত বছর লবণ সংকটের প্রেক্ষিতে লবণ আমদানি সংক্রান্ত নিষেধাজ্ঞা শিথিল করা হইলে পূবালী সল্ট ইন্ডাষ্ট্রিজ ২২২২ মেঃ টন ক্রুড লবণ আমদানির জন্য জাহাজীকরণ করে। কিন্তু আমদানির জন্য উন্মুক্ত সীমা ও সময়-সীমা অতিক্রম করায় তাহা ছাড়করণের জন্য উক্ত প্রতিষ্ঠানের আবেদনের বিষয়টি তখন বিবেচনা করা সম্ভব হয়নি। যেহেতু বর্তমানে ক্রুড/ বোল্ডার লবণের ঘাটতি রহিয়াছে এবং সেই কারণে ক্রুড লবণ আমদানির বিষয়টি বিবেচনা করা হইয়াছে। সেই ক্ষেত্রে অপচয় পরিহার করিবার স্বার্থে তার দাবীমতে পোর্টে আটক থাকা উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ইতোমধ্যে আমদানিকৃত ২২২২ মেঃ টন ক্রুড/বোল্ডার লবণ ছাড়করণের বিষয়ে কমিটি বিবেচনা করিতে পারে। সেই ক্ষেত্রে উক্ত পরিমাণ লবণ (২২২২ মেঃ টন )বর্তমান বছরে আমদানির জন্য অনুমোদিত ৭৫,০০০ মেঃ টন ভোজ্য লবণ উৎপাদনের নিমিত্তে আমদানিযোগ্য অপরিশোধিত/ক্রুড/বোল্ডার লবণের অন্তর্ভুক্ত হইবে।

(স্বাক্ষরিত)

( মোঃ আবুল কালাম আজাদ )
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০২০৬

প্রধান নিয়ন্ত্রক
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
১১১-১১৩ মতিঝিল বা/এ, ঢাকা।

নং-২৬.০০.০০০০.১১১.৫৫.০০১.১৬-৬২৬ তারিখঃ ২৪-০৮-২০১৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যক্রমের জন্য প্রেরণ করা হইলঃ

গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা (দৃঃ আঃ মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ)
২। সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
৩। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(স্বাক্ষরিত) ২৪/০৮/১৬

( মোঃ আবুল কালাম আজাদ )
সিনিয়র সহকারী সচিব